

২২৬

**রাষ্ট্রপতির কার্যালয়**  
**জন বিভাগ**  
**বঙ্গভবন, ঢাকা**

**বিষয়: নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**


সভাপতি : সম্পদ বড়ুয়া  
সচিব  
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা  
সভার সময় ও তারিখ : ২১ মার্চ ২০২৩, বেলা ২:০০ টা  
স্থান : সচিব মহোদয়ের অফিস কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ২০২২-২০২৩ সালের কর্ম-পরিকল্পনার কার্যক্রমভিত্তিক বিবরণ উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয় (১)	আলোচনা (২)	সিদ্ধান্ত (৩)	বাস্তবায়ন (৪)
<b>১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা</b>			
১.১। নৈতিকতা কমিটির সভা	প্রতি কোয়ার্টারের শুরুতেই ঐ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা আহ্বান করার বিষয়ে আলোচনা হয়।	পরবর্তী নৈতিকতা কমিটির সভা এপ্রিল ২০২৩ মাসে অনুষ্ঠিত হবে।	প্রশাসন শাখা
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইডুজ অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা /মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)	অকেজো মালামাল দ্রুত নিষ্পত্তিকরণের বিষয়ে আলোচনা হয়।	বঙ্গভবনস্থ পি.জি.আর. ভবনের বারান্দা ও অফিসকক্ষে রক্ষিত মালামালসহ এ বিভাগের অন্যান্য অকেজো মালামাল বিধিমোতাবেক দ্রুত নিলামের মাধ্যমে বিক্রয় করতে হবে।	সেবা শাখা
<b>২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন</b>			
২.১। ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ১৫/০৯/২০২২ তারিখে এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ক্রয়-পরিকল্পনা দৃশ্যমান রাখার বিষয়ে আলোচনা হয়।	প্রণীত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে দৃশ্যমান রাখতে হবে।	আইসিটি শাখা
২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৩য় কোয়ার্টারে বার্ষিক ক্রয়-পরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা ছিল ৬০%। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়।	৩য় কোয়ার্টারে বার্ষিক ক্রয়-পরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা (৬০%) অর্জনে কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	সেবা শাখা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১)	(২)	(৩)	(৪)
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম			
৩.২ নথিসমূহের শ্রেণিবিন্যাস হালনাগাদকরণ	এ বিভাগের বিভিন্ন শাখার নথিসমূহের শ্রেণিবিন্যাস করার বিষয়ে ২য় ও ৪র্থ কোয়ার্টারে যথাক্রমে ২৫% ও ৫০% লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রতিটি শাখায় কতটি নথি শ্রেণিবিন্যাস করা হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	এ বিভাগের প্রতিটি শাখায় কতটি নথি শ্রেণিবিন্যাস করা হয়েছে তার শাখাভিত্তিক তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে। শ্রেণিবিন্যাসকৃত নথির শতকরা হার উল্লেখ করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.৩ ওয়েবসাইট হালনাগাদকরণ	রাষ্ট্রপতির কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম মনিটর করার নিমিত্ত জন বিভাগের যুগ্মসচিব এর নেতৃত্বে জন বিভাগ ও আপন বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটির এক সভা আগামী ২৯/০৩/২০২৩ তারিখে আহ্বান করা হয়েছে মর্মে জানানো হয়।	কমিটি রাষ্ট্রপতির কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ কার্যক্রম মনিটর করবে।	আইসিটি শাখা
৩.৪ শূন্যপদ পূরণ	সভায় জানানো হয় যে, সরাসরি নিয়োগযোগ্য ২টি প্রশাসনিক কর্মকর্তার শূন্যপদ পূরণের কার্যক্রম বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া বর্তমানে সরাসরি নিয়োগযোগ্য ব্যক্তিগত কর্মকর্তার ৩টি পদ শূন্য হয়েছে। উক্ত পদসমূহ পূরণের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	প্রশাসনিক কর্মকর্তার ২টি এবং ব্যক্তিগত কর্মকর্তা ৩টি শূন্যপদে সরাসরি নিয়োগের বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রশাসন শাখা

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (সম্পদ বড়ুয়া)  
 সভাপতি  
 নৈতিকতা কমিটি  
 ও  
 সচিব  
 জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়  
 বঙ্গভবন, ঢাকা